

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
প্রশাসন-৫ অধিশাখা  
www.mopa.gov.bd

নং-০৫.০০.০০০০.১১৪.০৩.০০৭.১৮-১২৫৯

০৯ আশ্বিন, ১৪২৫  
তারিখঃ-----  
২৪ সেপ্টেম্বর, ২০১৮

বিষয়ঃ সাধারণ ভবিষ্য তহবিল হতে অগ্রিম মঞ্জুরি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থায় কর্মরত বিসিএস(প্রশাসন) ক্যাডারের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা এবং সরকারের উপসচিব হতে তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাদের সাধারণ ভবিষ্য তহবিল হতে অগ্রিম মঞ্জুরির আবেদন এ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়ে থাকে। অর্থ বিভাগের আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ এবং সাধারণ ভবিষ্য তহবিল বিধিমালা, ১৯৭৯ এর বিধি-১৩(১) অনুযায়ী বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/ অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থার প্রধান ব্যতীত অধীনস্থ অন্যান্য কর্মকর্তাগণের সাধারণ ভবিষ্য তহবিল হতে অগ্রিম মঞ্জুরির ক্ষমতা সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণকে অর্পণ করা হয়েছে। এ মন্ত্রণালয়ের ১৭ নভেম্বর, ২০০৮ খ্রিঃ তারিখের সম/(প্রঃ৩)/বিবিধ-২৮/২০০৭-২৬৩ নং স্মারকের নির্দেশনা অনুযায়ী বিভাগীয় কমিশনারের কার্যালয় এবং তাঁর অধীন সকল জেলা প্রশাসকের কার্যালয় ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে কর্মরত ১ম ও ২য় শ্রেণির কর্মকর্তা এবং সহকারী কমিশনার (ভূমি) এর সাধারণ ভবিষ্য তহবিল হতে অগ্রিমের আবেদন বিভাগীয় কমিশনার নিষ্পত্তি করবেন।

(কাজী মোহাম্মদ সাইফুল ইসলাম)  
উপসচিব  
ফোনঃ ৯৫৪০৩৭৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- (১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- (২) সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব-----মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
- (৩) মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ ঢাকা।
- (৪) অতিরিক্ত সচিব (সকল)/যুগ্মসচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়।
- (৫) মন্ত্রী/প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- (৬) বিভাগীয় কমিশনার (সকল)।
- (৭) জেলা প্রশাসক (সকল)।
- (৮) সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- (৯) সিস্টেমস এনালিস্ট, পি. এ. সি. সি, জনপ্রশাসন মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- (১০) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা,-----মন্ত্রণালয়/বিভাগ।
- (১১) হিসাবরক্ষণ কর্মকর্তা,----- মন্ত্রণালয়/বিভাগ।
- (১২) বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক -----
- (১৩) জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা-----